সংবাদ

তারিখ 13 DEC 2016
পৃষ্ঠা ২১ কলাম ২

কোটি টাকার সম্পদ প্রভাবশালীদের দখলে

# লোহাগাড়া রশিদারপাড়া প্রা. স্কুল নানা সমস্যায় জর্জরিত

**প্রতিনিধি, লোহাগাড়া (চট্টগ্রাম)**

নানা সমস্যায় জর্জরিত লোহাগাড়া উপজেলা সদরের রশিদার পাড়া সরকারি প্রাইমারি স্কুল। ১৯৯৪ সালে বিদ্যালয়টি কমিউনিটি প্রাইমারি স্কুল হিসেবে প্রতিষ্ঠিত হলেও উপজেলার অন্যান্য সরকারি স্কুল থেকে এই স্কুলের ছাত্রছাত্রী সংখ্যা ও তাদের ফলাফল ভালো। ২০১৩ সালে স্কুলটি সরকারি হয়। ৩ কক্ষ বিশিষ্ট স্কুলটিতে মোট শিক্ষার্থীর সংখ্যা ৪৭০। ক্লাসে ঠাসাঠাসি করে বা কোন কোন সময় ফ্লোরে চাটাই বিছিয়েও ক্লাস করতে হয় শিক্ষার্থীদের। শিক্ষক রয়েছেন ৪ জন। তন্মধ্যে ১ জন ডিপিএডএ। এছাড়াও বিদ্যালয়টির পিছনেই রয়েছে পুকুর।

বর্তমানে পুকুরের পাড় ভেঙে মাটি সরে গিয়ে বিদ্যালয়ের দেয়ালটিও ভেঙে যাবার উপক্রম হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ রফিক আহমদ বলেন, যে কোন সময় দেয়ালটি পড়ে গিয়ে কোন অঘটনা ঘটে যেতে পারে। এতকিছুর পরও স্কুলটিতে শিক্ষার্থীর পাশের হার শতভাগ। জানা গেছে, স্কুলটি প্রতিষ্ঠার সময় স্থানীয়রা ৩৩ শতক জমি স্কুলের জন্য দান করেন। কিন্তু বর্তমানে স্কুলের দখলে রয়েছে মাত্র ৬ শতক। বাকি জায়গাগুলো আশপাশের প্রভাবশালীরা দখল করে নিয়েছে।

জায়গা সংকটের কারণে বিদ্যালয়ের প্রাত্যহিক সমাবেশ করতে হয় বিদ্যালয়ের সামনের রাস্তায়। দেশের জাতীয় দিবসগুলোও পালন করা হয় সেখানে। স্থানীয় অভিভাবক ও স্কুল কমিটির অন্যতম সদস্য মঈনুদ্দিন চৌধুরী মানিক বলেন, বিদ্যালয়টির প্রায় ৪ কোটি টাকা মূল্যের জায়গা প্রভাবশালীদের দখলে রয়েছে। সেগুলো যদি উদ্ধার করা যায় তাহলে বিদ্যালয়ের জন্য মাঠ, ভবন সবই করা যেত। তিনি আরো বলেন, বিদ্যালয়টি উপজেলা সদরে অবস্থিত। তাই এটি অন্যান্য স্কুল থেকে বেশি গুরুত্বপূর্ণ। তিনি বিদ্যালয়ের জায়গাগুলো উদ্ধারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন। এ ব্যাপারে উপজেলা প্রাইমারি শিক্ষা অফিসার আবু নছর মোহাম্মদ হাচ্ছান জানান, বিদ্যালয়ের জায়গা জবর দখলের বিষয়টি আমার জানা নেই। অভিযোগ পেলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।